

স্মারক নং- সদেক/২০২২/হিসাব/এন-১/১২

তারিখ: ২১/১২/২০২২

২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) কোর্সে কোটা মেধা তালিকায় স্থান প্রাপ্তদের

ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) ১ম বর্ষে ভর্তির জন্য কোটা মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম নিম্নোক্ত পদ্ধতিতে ২৭/১২/২০২২ তারিখ বিকেল ৪:০০ টা পর্যন্ত অনলাইনে সম্পন্ন হবে:

স্নাতক (পাস) ১ম বর্ষে ভর্তি ফিসের মোট টাকার পরিমাণ

বিএ/ বিএসএস/ বিবিএ (পাস)	বিএস-সি (পাস)
মোট টাকা = ২৯৯০/-	মোট টাকা = ৩০৯০/-

অনলাইনে ভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা:

১. জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd/admissions/ থেকে ভর্তি ফরম পূরণ করে ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।
২. সরকারি দেবেন্দ্র কলেজের ভর্তির ওয়েবসাইট <http://debendracollege.eshiksabd.com/> এ গিয়ে User Name: debendrastudent এবং Password: debendrastudent দিয়ে Sign In করতে হবে।

৩. Sign In করা পেইজে Admission বাটন ক্লিক করলে Click for New Admission বাটন আসবে।

৪. Click for New Admission বাটনে ক্লিক করে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে:

Select Department (যে বিভাগে চান্সপ্রাপ্ত: Degree BA/Degree BBS/DegreeBSS/Degree B.Sc. ইত্যাদির যেটি প্রযোজ্য) Enter NU Roll (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদনের Admission Roll) ইনপুট করে Check for Admission ক্লিক করলে একটি ভর্তি ফরম প্রদর্শিত হবে।

৫. ভর্তি ফরমে চাহিত সকল তথ্য সঠিকভাবে সরবরাহ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফরমে যে ছবি ব্যবহার করা হয়েছে একই ছবি ফরমের নির্ধারিত জায়গায় আপলোড করতে হবে (ছবির সাইজ হবে সর্বোচ্চ 999kb)। শিক্ষার্থীরা শুধু SSC এবং HSC পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার তথ্য সরবরাহ করবে।

৬. সঠিকভাবে ফরম পূরণের পর Save বাটন এ ক্লিক করলে পূরণকৃত ভর্তি ফরমে ভর্তি ফিসহ সকল তথ্য চলে আসবে।

৭. অতঃপর বিকাশ/নগদ এর মাধ্যমে ভর্তি ফি পরিশোধ করলে ক্রাশ রোল নম্বরসহ একটি SMS শিক্ষার্থীর মোবাইলে চলে আসবে এবং ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে। SMS - এ শিক্ষার্থীর রোল নম্বরসহ বিভাগ উল্লেখ থাকবে। ফরমটি ডাউনলোড করে প্রিন্ট নিয়ে মোবাইলের SMS - এ আসা রোল নম্বরটি ফরমের যথাস্থানে লিখবে।

মোবাইলের মাধ্যমে বিকাশ/নগদ এ ভর্তি ফি জমাদানের পদ্ধতি:

বিকাশ/নগদ এ গিয়ে Pay Bill সিলেক্ট করে Education সিলেক্ট করতে হবে। অতঃপর Govt Debendra College সিলেক্ট করলে Bill Period ও Enter Student ID আসবে। এখানে চলতি মাসের নাম সিলেক্ট করে শিক্ষার্থীর জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদনের Admission Roll নম্বর দিয়ে ট্যাপ করলে শিক্ষার্থীর নামসহ টাকার অংক আসবে। টাকার অংক দেখে নিশ্চিত হয়ে সিলেক্ট করে প্রয়োজনীয় পিন নম্বর প্রদান করে ফিস প্রদান করা যাবে।

অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর শিক্ষার্থীদের করণীয়:

১. পূরণকৃত আবেদন ফরম (জাতীয় বিশ্ববিদ্যালয়ের পূরণকৃত ফরম ০২ কপি ও দেবেন্দ্র কলেজে ভর্তির পূরণকৃত ফরম ০২ কপি) রসায়ন বিভাগের বারান্দায় কমিটির নিকট নির্ধারিত সময়ের মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতীত প্রতিদিন সকাল ১০:০০টা থেকে বিকেল ৩:০০ টা পর্যন্ত) নিম্নোক্ত কাগজপত্রসহ জমা দিতে হবে:

ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত ফটোকপিসহ মূল নম্বরপত্র।

খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি।

গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙীন ছবি।

ঘ) অনলাইনে (বিকাশ/নগদ-এ) টাকা জমার রশিদের মূলকপিসহ ১টি ফটোকপি (রশিদে নাম, ক্রাশ রোল, বিভাগ, মোবাইল নম্বর ইত্যাদি লিখে মূল কপি জমা দিবে এবং ফটোকপি শিক্ষার্থীর কাছে থাকবে)।


ঙ) প্রাথমিক আবেদন ফরমের ফটোকপি- ১ টি।

যেসকল শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হয়েছে সেসকল শিক্ষার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ফরম ডাউনলোড করে প্রিন্ট করে প্রিন্ট কপি কমিটির নিকট উল্লিখিত সময়সীমার মধ্যে জমা দিবে।

বিশেষ দৃষ্টব্য:

১. শিক্ষার্থীরা যে মোবাইল নম্বর ফরম পূরণের সময় দিবে সেই নম্বরটি পরিবর্তন করতে পারবে না। কলেজ থেকে সকল যোগাযোগের জন্য এই নম্বরটি ব্যবহৃত হবে।
২. নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।


প্রতিষ্ঠান


(প্রফেসর ড. মোঃ রেজাউল, করিম)

আইডি নং-২৫৩০

অধ্যক্ষ

সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ


(প্রফেসর মোঃ আব্দুল খালেক)

আহবায়ক

স্নাতক (পাস) ১ম বর্ষ ভর্তি কমিটি-২০২২